

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল,
ময়মনসিংহ



সহকারী প্রোগ্রামার এর দপ্তর

doict.nandail.mymensingh.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৭২.০০০.২৫.০০১.২০.৫৫

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭

২৭ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি বিভাগের এটুআই প্রোগ্রামের সহযোগিতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং মন্ত্রিপরিষদ বিভাগ বিভিন্ন সরকারি অফিসসমূহে ই-নথি সিস্টেম বাস্তবায়ন করছে। ই-নথি বাস্তবায়কারী অফিসসমূহ যেকোনো স্থান থেকে নাগরিকগণকে দ্রুততম সময়ে সেবা প্রদান করতে সক্ষম হচ্ছে যা সর্বমহলে বহল প্রশংসিত হচ্ছে।

২। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২, অভিযোগ প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা-২০১৫ এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮-এ ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও (এপিএ) ই-নথি ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। ফলে সকল সরকারি দপ্তরে ই-নথির ব্যবহার ত্বরান্বিত করা আবশ্যিক।

৩। বর্তমানে নান্দাইল উপজেলার মাঠ পর্যায়ের ০৯ (নয়টি) অফিসে ই-নথি লাইভ সার্ভারে এবং ১১ (এগারটি) অফিসে ই-নথি ট্রেনিং সার্ভারে কার্যক্রম চলমান রয়েছে। পর্যায়ক্রমে উপজেলা পর্যায়ের সকল অফিসসমূহে ই-নথি সিস্টেম বাস্তবায়ন করা হবে। ই-নথি লাইভ সার্ভারের অফিসসমূহঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা কৃষি অফিস এবং উপজেলা প্রাণী সম্পদ অফিস।

৪। ই-নথি সিস্টেমের গত তিন মাসের রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায় যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ব্যতিত অন্য কোন অফিসে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্রজারি করছে না এবং ই-নথি সিস্টেমের মাধ্যমে আগত পত্রকে দাপ্তরিক পত্র হিসেবে বিবেচনায় নিয়ে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করছেন না যা অনভিপ্রেত। ই-নথি সিস্টেম ব্যবহার করে খুব সহজেই তাৎক্ষণিকভাবে সিস্টেম থেকে পত্রজারি করা যায়। ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র জারি করা হলে একদিকে যেমন দ্রুততম সময়ে পত্রজারি করা যায় অন্যদিকে সরকারি অর্থ এবং শ্রমের সাশ্রয় হয়। এমনকি ই-নথি সিস্টেম ব্যবহার শুরু করেনি এমন অফিসও এই সিস্টেম থেকে ই-মেইলে সহজে পত্রজারি করা যায়। ই-নথি সিস্টেমে পত্রজারি এবং কার্যক্রম পরিচালনা সংক্রান্ত যে কোন সমস্যায় নিম্ন স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৫। এমতাবস্থায়, আপনার কার্যালয়ে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে নাগরিকসেবা প্রদানের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ কার্যক্রমে গতিসঞ্চারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। ই-নথি এর কার্যক্রমের কেন্দ্রীয় মাসিক প্রতিবেদন ০১-৩১ আগস্ট/২০২০ খ্রিঃ অনুযায়ী ০১ (এক) ফর্দ

২। নান্দাইল উপজেলার ০৯(নয়টি) অফিসসমূহের ই-নথি দপ্তর আইডি ও পাসওয়ার্ড ০১ (এক) ফর্দ

Rakibul

২৭-৯-২০২০

মোঃ রাকিবুল হাসান

সহকারী প্রোগ্রামার

ফোন: ০৯০২৯৬৪০৭৯

ইমেইল: rakibul.hasan@doict.gov.bd

বিতরণ :

- ১) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, নান্দাইল, ময়মনসিংহ
- ২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
- ৩) উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নান্দাইল, ময়মনসিংহ
- ৪) উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, নান্দাইল, ময়মনসিংহ
- ৫) উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
- ৬) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
- ৭) উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিস, নান্দাইল, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৭২.০০০.২৫.০০১.২০.৫৫/১(৪)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭

২৭ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
- ৩) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ
- ৪) অফিস নথি

Rakibul

২৭-৯-২০২০

মোঃ রাকিবুল হাসান

সহকারী প্রোগ্রামার